

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
রাজবাড়ী শাখা, রাজবাড়ী।

অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আবুল হাশেম মিয়া (বর্তমানে মৃত), পিতা: আব্দুল মিমিন মিয়া, মাতা: মরিয়ম বেগম, ব্যবসায়িক ঠিকানা: মেসার্স হাশেম হার্ডওয়্যার, খানখানাপুর বাজার, রাজবাড়ী। বর্তমান ঠিকানা: খানখানাপুর, রাজবাড়ী, স্থায়ী ঠিকানা: খানখানাপুর, রাজবাড়ী, কর্তৃক ইউসিবি, রাজবাড়ী শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোত্তর দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ডগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায় বিগত ০৫.০৯.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩৫,৯৫,৮৯২.৭৩ (পঁয়ত্রিশ লক্ষ পঁচানন্দরই হাজার আটশত বিরানবই টাকা তিয়াত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্ষেত্রাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- ১। জেলা- রাজবাড়ী, উপজেলা ও থানা: রাজবাড়ী, জে.এল নং- ১৬৬/২০২, মৌজা - খানখানাপুর, খতিয়ান নং- এস.এ. ১৫৬৭, বি.এস. বুকারত- ৩২০৭, প্রস্তাবিত খতিয়ান নং- ১৫৬৭/১, দাগ নং- আর.এস. ৩৯৩৮, বি.এস. ৩২৬০। জমির পরিমাণ- ৫.০০ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরে- রেলওয়ের জমি, দক্ষিণে- রাস্তা, পূর্বে- মো: মইনউদ্দিন, পশ্চিমে- আব্দুল মালেক।
- ২। জেলা- রাজবাড়ী, উপজেলা ও থানা: রাজবাড়ী, জে.এল নং- ৮৯/২০০, মৌজা- আহলাদিপুর, খতিয়ান নং- এস.এ. ১৪৯, ১৫২, বি.এস. বুকারত- ১০১২, প্রস্তাবিত খতিয়ান নং- ১৪৯/২, দাগ নং- আর.এস. ও এস.এ - ৮৮২, বি.এস. ১৩৫০। জমির পরিমাণ- ১০.০০ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি, যাহার চৌহদ্দী- উত্তরে- খ্রিষ্টান মিশনারী, দক্ষিণে- খ্রিষ্টান মিশনারী, পূর্বে- রাস্তা ও পশ্চিমে- আব্দুর রব।

নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ১৫.১০.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজবাড়ী শাখায় রাখিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৮.০০ ঘটিকার সময় দরপত্রাদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-আর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজবাড়ী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেন।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আগতি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজবাড়ী শাখা, রাজবাড়ী।